দৈনিক সংবাদ

তারিখ 06 MAY 1994
পৃষ্ঠা ৭ কলাম ৫

115

# এসএসসি ঃ ইংরেজী প্রথমপত্রের পরীক্ষায় বহিষ্কার এক হাজার

(নিজস্ব বার্তা পরিবেশক) গতকাল বৃহস্পতিবারের এসএসসি পরীক্ষার তৃতীয় দিনে, ইংরেজী প্রথম পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সারাদেশে ১ হাজার ৭২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করার খবর পাওয়া গেছে। পরীক্ষা চলাকালে দেশের কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। গতকাল ঢাকা বোর্ডের ১৬টি জেলায় ৩৫৬ জন, কুমিল্লায় ১০টি জেলায় ১৭২ জন, রাজশাহী বোর্ডে ১২টি জেলায় ৩৭৮ জন এবং যশোর বোর্ডে ১৫টি জেলায় ১৬৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। দেশের বিভিন্ন স্থান থেকে সংবাদ প্রতিনিধিরা জানান, কুমিল্লা বোর্ডের অধীনে কুমিল্লা জেলায় ৭০, সিলেটে ১০, খাগড়াছড়িতে ২, নোয়াখালীতে ১৮, লক্ষীপুরে ১৩, ব্রাহ্মণবাড়িয়ায় ৮, চাঁদপুরে ১৮, ফেনীতে ২০, হবিগঞ্জে ৮ এবং রাঙ্গামাটিতে ৫ জন বহিষ্কৃত হয়েছে।

ঢাকা বোর্ডের মানিকগঞ্জে ৩২, গাজীপুরে ৩৪, নরসিংদীতে ১৪, মুন্সীগঞ্জে ৬, টাঙ্গাইলে ৪০, ফরিদপুরে ১৩, মাদারীপুরে ১৭, শরীয়তপুরে ৫, রাজবাড়িতে ১৩, গোপালগঞ্জে ৪, ময়মনসিংহে ৫৩, কিশোরগঞ্জে ১৮, জামালপুরে ২৮, শেরপুরে ৮, নারায়ণগঞ্জে ১৪ ও নেত্রকোনায় ৩৩ জনকে বহিষ্কার করা হয়। যশোর বোর্ডের যশোর জেলায় ১৬, পটুয়াখালীতে ৫, বরগুনায় ৮, সাতক্ষীরায় ৫, মেহেরপুরে ১, কুষ্টিয়ায় ২৩, বরিশালে ২৪, পিরোজপুরে ১৩, ভোলায় ৭, খুলনায় ৫, বাগেরহাটে ১২, চুয়াডাঙ্গায় ১২, নড়াইলে ১১, মাগুরায় ৮ ও ঝিনাইদহে ১৬ জনকে বহিষ্কার করা হয়।

রাজশাহী বোর্ডের রাজশাহীতে ২১, চাঁপাইনবাবগঞ্জে ২১, নওগাঁয় ১৮, পাবনায় ২২, গাইবান্ধায় ৭৫, লালমনিরহাটে ৪, সিরাজগঞ্জে ২৯, জয়পুরহাটে ১০, রংপুরে ৪২, দিনাজপুরে ৬৪, ঠাকুরগাঁয়ে ৩৮ ও পঞ্চগড়ে ২ জনকে বহিষ্কার করা হয়।